ডিসেম্বর 24, 2020 তারিখে আপডেটকৃত

COVID-19 টীকাগুলি [ফাইজার-বায়োএনটেক এবং মর্ডার্না-এর দ্বারা বিকাশকৃত]

COVID-19

COVID19 হল একটি ভাইরাস জনিত সংক্রমণ যা মূলত ফুসফুসে হয়। কারও-কারও এর ফলে সামান্য অসুখ হতে পারে। কেউ-কেউ আবার প্রচণ্ড অসুস্থ হয়ে যেতে পারেন। যেমন বয়স্ক লোকেরা বা যাঁদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা আগে থেকেই আছে। কখনও-কখনও কোনও-কোনও বাচ্চারও গুরুতর প্রদাহ হতে পারে। COVID-19এর দীর্ঘমেয়াদি ফল কি হতে পারে তা এখনও পুরোপুরি জানা যায়নি। কারও-কারও আবার নিজের কাজ-কর্ম বা জীবনযাত্রার জন্যও COVID-19 এ আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি থাকে।

এই টীকাগুলি কীভাবে কাজ করে

এই টিকা আপনার শরীরের কোষগুলিকে প্রোটিন' তৈরি করতে বলে যেটি নির্দিষ্টভাবে সেই ভাইরাসটিতে পাওয়া যায় যেটি COVID-19-এর কারণ ঘটায়। এই "স্পাইক প্রোটিনগুলি ", যদিও আমাদের ক্ষেত্রে ক্ষতিকারক না হলেও, আমাদের শরীরকে অ্যান্টিবডিগুলি উৎপাদন করার জন্য উদ্দীপিত করে। আমাদের নতুন অ্যান্টিবডিগুলি আমাদের অসুস্থ হওয়ার থেকে রক্ষা করবে যদি আমরা ভাইরাসটির প্রতি উন্মুক্ত হই। টীকাটিতে ভাইরাস থাকে না এবং তাই সেটি আপনাকে COVID-19 দিতে পারেনা।
উভয় টীকার দ্বারাই মানদন্ডগুলি পূরণ করা নিশ্চিত করার জন্য, বৃহৎ নিদানিক পরীক্ষাগুলিতে সেগুলি পরীক্ষা করা হয়েছে, এবং উভয়কেই হেলথ কানাডার দ্বারা অনুজ্ঞা প্রদত্ত এবং অনুমোদিত করা হয়েছে।

টীকাকরণের প্রক্রিয়া
উভয় টীকারই দুটি ডোজের প্রয়োজনীয়তা আছে। বরিষ্ঠ মানুষদের অন্তর্ভুক্ত করে, 16 বছর এবং তার অধিক বয়সীদের ফাইজারের ডোজগুলি দেওয়া হয় কমপক্ষে 21 দিনের ফারাকে। মর্ডার্নার ডোজগুলি দেওয়া হয়, বরিষ্ঠ ব্যক্তিদের অন্তর্ভুক্ত করে, 16 বছর এবং তার অধিক বয়সীদের, কমপক্ষে 28 দিনের ফারাকে।

টিকার উপকারিতা

উত্তমতর সুরক্ষার জন্য এই টীকার দুটি ডোজ দেওয়া হবে। COVID-19'এর বিরুদ্ধে সর্বাধিক সুরক্ষা পাওয়ার জন্য, দুটি-ডোজ সম্পূর্ণ হওয়ার পরে, আরও এক থেকে দুই সপ্তাহ সময় লাগতে পারে। এই সময়ে, এই টীকার দীর্ঘমেয়াদি সুরক্ষা সম্পর্কিত কোনও তথ্য নাই। পরীক্ষার সময় এই টিকা 95% কার্যকর ছিল।

টিকা নেওয়ার পরেও আপনার COVID-19-এর দ্বারা আক্রান্ত হওয়ার সামান্য আশঙ্কা থাকতে পারে। তাই জন স্বাস্থ্য সংক্রান্ত নিয়মগুলো মেনে চললে ভাল হয়, যেমন শারীরিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরা এবং অসুস্থ হলে বাড়িতে থাকা। স্বাস্থ্য পরিচর্যা এবং অন্যান্য ক্ষেত্রের কর্মীদের টীকা দেওয়ার পরও তাঁদের ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরতে হবে।

পার্শ্ব প্রতিক্রিয়া ও ঝুঁকি

কিছু মানুষ টীকার কারণে পার্শ্বপ্রতিক্রিয়াগুলির অভিজ্ঞতা করতে পারেন, তবে সেগুলি মাঝারি পরিমাণের হতে পারে এবং কয়েক পরেই উপশম হতে পারে। উপসর্গগুলির মধ্যে কয়েকটি হল অনাক্রম্যতা সৃষ্টি হওয়ার প্রতি শরীরের প্রতিক্রিয়ার অংশস্বরূপ।

এই টিকার ক্লিনিক্যাল ট্রায়ালের সময় সাধারণত এইসব পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছিল বলে জানা গেছে:

ডিসেম্বর 24, 2020 তারিখে আপডেটকৃত

খুবই স্বাভাবিক ≥10% (10 ডোজে 1-এর বেশি)	**স্বাভাবিক** 1%-10% (100 ডোজের মধ্যে 1 থেকে 10 ডোজে 1)	**অস্বাভাবিক** 1% (100 ডোজের মধ্যে 1)	**অতি বিরল**
○ ইঞ্জেকশন দেওয়া জায়গায় ব্যথা ○ মাথাব্যথা ○ ক্লান্ত অনুভব ○ পেশি বা গাঁটে ব্যথা ○ জ্বর বা শরীর ঠান্ডা হওয়া ○ বগলে ফোলা অথবা নরমভাব (শুধুমাত্র মর্ডার্না টীকার ক্ষেত্রে)	○ ইঞ্জেকশন দেওয়া জায়গা লাল হওয়া ও ফুলে যাওয়া ○ বমিবমি ভাব এবং বমি হওয়া (শুধুমাত্র মর্ডার্না টীকার ক্ষেত্রে)	লসিকা গ্রন্থি বেড়ে যাওয়া	গুরুতর অ্যালার্জি হওয়া যেমন অ্যানাফিল্যাক্সিস

বিরল ক্ষেত্রগুলিতে গুরুতর অ্যালার্জিভিত্তিক প্রতিক্রিয়াগুলি (অ্যানাফিল্যাক্সিস) ঘটতে পারে। অ্যালার্জিভিত্তিক প্রতিক্রিয়াগুলির চিকিৎসা করা যেতে পারে এবং সেগুলি সাধারণত সাময়িক হয়ে থাকে। আপনার নিঃশ্বাস নিতে অসুবিধা হলে, আপনার মুখে ও গলায় আমবাত হলে বা ফুলে গেলে চিকিৎসা করান। মানুষের টীকা নেওয়ার সাথে সাথে, পার্শ্বপ্রতিক্রিয়াগুলির উপর নজর রাখা হবে।

যদি আপনার টীকার কারণে একটি প্রতিক্রিয়া হয়, তাহলে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন যিনি পার্শ্বপ্রতিক্রিয়াটির সম্পর্কে সরাসরি জনস্বাস্থ্য বিভাগকে জানাবেন। টীকাটির নিরাপদ থাকা নিশ্চিত করার উদ্দেশ্যে জনস্বাস্থ্য বিভাগ জানানো পার্শ্বপ্রতিক্রিয়াটির উপর নজর রাখবেন।

সাবধানতা

- আপনার যদি জ্বর থাকে, COVID-1-এর উপসর্গ নিয়ে অসুস্থ থাকেন, অথবা যদি শেষ 14 দিনের মধ্যে একটি টীকা টিকা নিয়ে থাকেন, তাহলে দেরি করে টীকা নিন।
- এই টাকার দুটি ডোজ নেওয়ার পর কমপক্ষে এক মাসের জন্য গর্ভবতী না হওয়ার চেষ্টা করুন।
- যদি আপনি রক্ত তরলকারক ওষুধ খান, তাহলে তাঁরা একটি অপেক্ষাকৃত ছোট ছুঁচ ব্যবহার করবেন এবং আপনার টীকা নেওয়ার পরে কালশিটা হ্রাস করার জন্য অপেক্ষাকৃত দীর্ঘ সময়ের জন্য চাপের প্রয়োজন হবে।**এই টীকা নেবেন না, যদি আপনার**:
- পলিইথাইলিন গ্লাইকল অন্তর্ভুক্ত করে টীকার কোনও উপকরণের ক্ষেত্রে অ্যালার্জি থাকে; অথবা
- এই টীকার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর তীব্রতর গুরুতর কোনও প্রতিক্রিয়া হয়ে থাকে।

প্রথমে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সঙ্গে কথা বলুন, যদি:

- আপনার বয়স 16 বছরের কম হয় (12 থেকে 15 বছরের মধ্যে) তাহলে ফাইজারের টীকা দেওয়া যেতে পারে;
- আপনি গর্ভবতী হন বা স্তন্যপান করাচ্ছেন; অথবা
- যদি আপনার অসুস্থতা, অথবা একটি রক্তপাতজনিত বৈকল্যের কারণে দুর্বল হওয়া রোগ-প্রতিরোধ শক্তি থাকে

ডিসেম্বর 24, 2020 তারিখে আপডেটকৃত

বিস্তারিত তথ্যের জন্য, আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন বা toronto.ca/COVID19 দেখুন।

উৎস

অনাক্রম্যতার উপর জাতীয় পরামর্শদাতা কমিটি। COVID-19 টীকাগুলি ব্যবহারের উপর সুপারিশসমূহ। ডিসেম্বর 2020। https://www.canada.ca/en/public-health/services/immunization/national-advisory-committee-on-immunization-naci/recommendations-use-covid-19-vaccines.html তে উপলভ্য।